

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট অনুবিভাগ-১  
বাজেট শাখা-২  
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০২.০১৮.০০৫.২০১৬-৪২৬

তারিখঃ ০১ আগস্ট, ২০১৮ খ্রিঃ  
১৭ শ্রাবণ, ১৪২৫ বঃ

পরিপত্র


**বিষয়ঃ** ২০১৭-১৮ অর্থবছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ সংক্রান্ত।

**সূত্রঃ** অর্থ বিভাগের ২২/০৫/২০১৮ খ্রিঃ তারিখের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০২.০১৮.০০৫.২০১৬-১৮৪।

২০১৭-১৮ অর্থবছরে সূত্রোক্ত পরিপত্র অনুসারে ইস্যুকৃত চেকসমূহের মধ্যে কিছু সংখ্যক যথাসময়ে ব্যাংকে জমা না দেওয়ায় চেকের মেয়াদ উত্তীর্ণ হয়। এ পরিস্থিতিতে চেক প্রাপকগণ যাতে তাঁদের পাওনা থেকে বঞ্চিত না হন সেজন্য সরকার জুন মাসে ইস্যুকৃত চেক নগদায়নের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- (ক) বেতন-ভাতা, পেনশন, জিপি ফান্ড এবং ভ্রমণ সংক্রান্ত ব্যক্তিগত পাওনা পরিশোধের লক্ষ্যে ইস্যুকৃত মেয়াদ উত্তীর্ণ চেকসমূহ চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ৩০ আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হয়ে থাকলে উক্ত চেক বাতিল করে নতুন চেক ইস্যুর ব্যবস্থা গ্রহণ করবেন।
- (খ) উপানুচ্ছেদ- (ক) এ উল্লিখিত চেকসমূহের বাইরে অন্যান্য তামাদি চেক পুনরায় ইস্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার বিভাগীয় প্রধান কর্তৃক চেক সময়মত না ভাঙ্গানোর কারণ এবং এ সংক্রান্ত কাজ ও সরবরাহ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে প্রত্যয়নসহ আগামী ৩০ আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আবেদন পেশ করতে হবে। তবে ১,০০,০০০/- (এক লক্ষ) বা তদূর্ধ্ব অঙ্কের চেকের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব (Principal Accounting Officer) এর প্রত্যয়ন নিতে হবে। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ আবেদনসমূহ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পরীক্ষা-নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হলে উক্ত চেক বাতিল করে নতুন চেক জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

২। নতুন চেক ইস্যুর এ কার্যক্রম আগামী ৩০ আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাগণ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ভিত্তিক জমাকৃত মেয়াদোত্তীর্ণ চেকের স্থলে ইস্যুকৃত নতুন চেকের তালিকা আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে অর্থ বিভাগ ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ করবেন।

  
মোঃ হাবিবুর রহমান

যুগ্ম সচিব (বাজেট-১)

ফোনঃ ৯৫১১০৫০

ই-মেইলঃ habibrdhaka@gmail.com

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, .....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৬। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার, ..... (সকল)।
- ১০। রেজিষ্ট্রার, বাংলাদেশের সুপ্রীম কোর্ট, সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ১১। মহাপরিচালক, রেলওয়ে অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। মহাপরিচালক, ডাক, তার ও দুরালাপনি অডিট অধিদপ্তর, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। মহাপরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৫। মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৬। মহাপরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৭। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৮। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৯। মহাপরিচালক, দূতাবাস অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ২০। মহাপরিচালক, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, .....(সকল)।